

## বারিতে প্রশিক্ষণ কর্মশালা

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥  
বাংলাদেশ কৃষি গবেষণা  
ইনস্টিটিউটে (বারি) 'অভিযোগ  
প্রতিকার ব্যবস্থাপনা ও সেবা  
প্রদান প্রতিশ্রুতি' শীর্ষক প্রশিক্ষণ  
কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।  
বৃহস্পতিবার বারি'র পরিচালক  
(সেবা ও সরবরাহ) ড. কামরুল  
হাসান প্রধান অতিথি হিসেবে  
দিনব্যাপী এ প্রশিক্ষণ কর্মশালার  
উদ্বোধন করেন।

বারি'র পরিচালক (প্রশিক্ষণ ও  
যোগাযোগ উইং) ড. ফেরদৌসী  
ইসলামের সভাপতিত্বে প্রশিক্ষণ  
কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন  
পরিচালক (গবেষণা) ড. তারিকুল  
ইসলাম, পরিচালক (তেলবীজ  
গবেষণা কেন্দ্র) ড. আব্দুল লতিফ  
আকন্দ এবং পরিচালক  
(উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড.  
গোবিন্দ চন্দ্র বিশ্বাস। প্রশিক্ষণ  
কর্মশালাটি সঞ্চালনা করেন  
বারি'র প্রটোকল কর্মকর্তা আল-  
আমিন।

প্রশিক্ষণ কর্মশালায় বিএআরআই  
এর সেবা প্রদান প্রতিশ্রুতি  
(সিটিজেন চার্টার) প্রণয়ন সংক্রান্ত  
নির্দেশনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান  
করেন প্রশিক্ষণ ও যোগাযোগ  
উইংয়ের প্রধান বৈজ্ঞানিক  
কর্মকর্তা ড. শওকত আলী খান।  
অভিযোগ প্রতিকার ব্যবস্থা  
সংক্রান্ত নির্দেশিকা-২০১৫  
(পরিমার্জিত-২০১৮)-এ বিষয়ে  
প্রশিক্ষণ প্রদান করেন সিনিয়র  
সহকারী পরিচালক (প্রশাসন)  
মাহমুদুল হাসান এবং অভিযোগ  
প্রতিকার ব্যবস্থাপনা  
সফটওয়্যারের ব্যবহার বিধি  
বিষয়ক প্রশিক্ষণ প্রদান করেন  
কৃষি পরিসংখ্যান এবং তথ্য ও  
যোগাযোগ প্রযুক্তি বিভাগের  
বৈজ্ঞানিক কর্মকর্তা কাজী হাইদুর  
রহমান।



বারি : গতকাল 'অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও সেবা প্রদান প্রতিশ্রুতি' শীর্ষক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন বারির পরিচালক (সেবা ও সরবরাহ) ড. মো. কামরুল হাসান। বিজ্ঞপ্তি।

শুক্রবার  
ঢাকা ১১ নভেম্বর ২০২২

## প্রতিদিনের মংবাদ

### বারিতে অভিযোগ প্রতিকার ও সেবা প্রদান প্রতিশ্রুতি শীর্ষক প্রশিক্ষণ

#### ● গাজীপুর প্রতিনিধি

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে (বারি) 'অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও সেবা প্রদান প্রতিশ্রুতি' শীর্ষক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা বৃহস্পতিবার অনুষ্ঠিত হয়েছে। ইনস্টিটিউটের কাজী বদরুদ্দোজা মিলনায়তনে অনুষ্ঠিত প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন পরিচালক (সেবা ও সরবরাহ) ড. মো. কামরুল হাসান।

বারি'র পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ উইং) ড. ফেরদৌসী ইসলামের সভাপতিত্বে প্রশিক্ষণ কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (তেলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. আব্দুল লতিফ আকন্দ এবং পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস। প্রশিক্ষণ কর্মশালাটি সঞ্চালনা করেন বারি'র প্রটোকল কর্মকর্তা মো. আল-আমিন।

প্রশিক্ষণ কর্মশালায় বিএআরআই'র সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করেন প্রশিক্ষণ ও যোগাযোগ উইংয়ের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. শওকত আলী খান। অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮)-এ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন) মো. মাহমুদুল হাসান এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সফটওয়্যারের ব্যবহার বিধি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করেন কৃষি পরিসংখ্যান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের বৈজ্ঞানিক কর্মকর্তা কাজী ছাইদুর রহমান। ইনস্টিটিউটের সেবা ও সরবরাহ উইংয়ের আয়োজনে প্রশিক্ষণ কর্মশালায় বারি'র বিভিন্ন বিভাগ ও কেন্দ্রের ৮০ জন কর্মচারী অংশগ্রহণ করেন।